দৈনিক ইনকিলাব

তারিখ 10 SEP 2007
পৃষ্ঠা ১২ কলাম ৮

৩৫

# স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের প্রতি সুদৃষ্টি দিন

## –জমিয়াতুল মোদার্রেছীন মহাসচিব

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের মহাসচিব আলহাজ মাওলানা শাব্বীর আহমদ মোমতাজী দেশের স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের প্রতি সুদৃষ্টি দেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, বেতন ভাতাদি না দেয়ায় এবতেদায়ী মাদ্রাসাগুলো বিলীন হয়ে যাচ্ছে। তিনি দেশের বিপুলসংখ্যক পৃঃ ১১ঃ কঃ ৭

## স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার

১২-এর পৃষ্ঠার পর

ছাত্র-ছাত্রীর নৈতিক শিক্ষা ও আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার স্বার্থে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের প্রতি সরকারের সুদৃষ্টি কামনা করেন। জমিয়াতুল মোদার্রেছীন মহাসচিব গত ৮ সেপ্টেম্বর সিলেটে তার সম্মানে দেয়া এক সংবর্ধনা অনুষ্ঠানে বক্তৃতা করছিলেন। তিনি বলেন, নৈতিক শিক্ষার অভাবে সমাজে আজ নানা অশান্তি বিরাজ করছে। তাই সাধারণ শিক্ষার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের নৈতিক শিক্ষা গ্রহণ করা অপরিহার্য। জমিয়াতুল মোদার্রেছীন মহাসচিব সর্বস্তরের অভিভাবকদের সন্তান-সন্ততিদের মাদ্রাসা শিক্ষায় শিক্ষিত করার ব্যাপারে গুরুত্বারোপ করেন। দেশ ও জাতির কল্যাণে ভূমিকা রাখতে ছাত্রী-ছাত্রীদের সুনাগরিক হিসেবে গড়ে তুলতে তিনি শিক্ষকদের প্রতি আহ্বান জানান এবং এ ব্যাপারে অভিভাবকদের সহযোগিতা কামনা করেন। পীরে কামেল হাফিজ মোঃ ফজলুল হকের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জমিয়াতুল মোদার্রেছীনের কেন্দ্রীয় নেতা প্রিন্সিপাল মাওলানা মোঃ আব্দুর রশিদ (ঝালকাঠী), প্রিন্সিপাল মাওলানা আতাউর রহমান, অধ্যাপক আলহাজ মাওলানা নুমান আহমেদ, প্রিন্সিপাল মাওলানা মনোয়ার আলী, মুফতি মাওলানা মোঃ সালেহ প্রমুখ। জমিয়াতুল মোদার্রেছীন মহাসচিব সিলেট পৌছে জেলার জমিয়াতুল মোদার্রেছীন নেতৃবৃন্দকে নিয়ে হযরত শাহজালাল (র.), হযরত শাহ পরান (র.) ও হযরত বোরহান উদ্দিন (র.)-এর মাজার জিয়ারত এবং দেশ ও জাতির কল্যাণে বিশেষ মোনাজাত করেন।